ভূগোল সার।

পৃথিবীর আকার ও বিবরণাদি নিরূপক

নানা গ্রন্থ হইতে সংক্ষেপ

সংগ্রহ।

শ্রী গৌরীশঙ্কর ভট্টাচার্য্য কৃত

কলিকাতা শোভাবাজার ভাস্কর যন্ত্রে

মুদ্রাঙ্কিত হইল।

সন ১২৬০ সাল ২৫ কার্ত্তিক।

PRINTED BY SREE SHIB-KRIST MITTER.,

ভূগোল।

প্রথমভাগ।

১ পাঠ।

যে বিদ্যা শিক্ষা করিলে পৃথিবীর আকারাদি, [illegible] সাগরাদি ও জনপদাদির বিবরণ জানা যায় পণ্ডিতেরা তাহাকেই ভূগোল বিদ্যা কহেন।

ভূশব্দার্থ পৃথিবী, এবং গোল শব্দে গোলাকৃতি, এই কারণ ভূগোল বাক্য পৃথিবীর গোলাকার বোধক হয় তাহার বিবরণ জ্ঞাপক বিদ্যা ভূগোল বিদ্যা।

পৃথিবীর আকার ও পরিমাণাদি।

পৃথিবীর আকার গোল বটে কিন্তু সম্পূর্ণরূপ গোল বলা যায় না, উত্তর দক্ষিণাংশা: কিঞ্চিৎ নিম্ন, বাতাবি নিমুর দৃষ্টান্ত স্থল হইতে পারে, যেহেতুক তাহার বোঁটার নিকট কিঞ্চিৎ নিম্ন আছে, পৃথিবীর আকারও এইরূপ।

পৃথিবীর পরিমাণ।

পৃথিবীর বেষ্টন ১২০০০ ক্রোশ ও তাহার বিস্তার ৪০০০ ক্রোশ।

জল স্থলের পরিমাণ।

স্থল ভাগ অপেক্ষা জল ভাগ অধিক, অর্থাৎ স্থল এবং জল বিভাগ করিতে হইলে অনুমান দুই ভাগ জল আর স্থল এক ভাগ হইবে।

পণ্ডিতেরা জলাশয় সকলের বিশেষ২ নাম করণ করিয়াছেন, যেমন মহাসাগর, সাগর, উপসাগর, ক্ষুদ্র উপসাগর, অখাত, হ্রদ, মোহানা, নদী, বহুমুখী, উপনদী, শাখানদী, কীলকস্থান, কোল, খাল।

মহাসাগর।

যে সাগরে পৃথিবী বেষ্টন করিয়াছে তাহাকে মহা সাগর বলেন।

সেই মহাসাগর তিন, ইংরাজি মতে ঐ তিনের নাম আট্লাণ্টিক, পাসিফিক, ইণ্ডিয়ন্।

সাগরের বিবরণ।

যাহার প্রধান স্রোত মহাসাগরে সংযুক্ত হইয়াছে অথচ প্রায় স্থলেতে বেষ্টিত তাহাকে সাগর কহে।

উপসাগর।

ক্ষুদ্রাকার সাগরকে উপসাগর বলেন, আর বড়২ হ্রদ সকলকেও উপসাগর বলা যায়, আসিয়া মহাদ্বীপে তিন উপসাগর দেখা যায়, ইংরাজেরা ঐ তিনের নাম যথা কাস্পিয়ন, আরাল, বৈকাল কহেন।

ক্ষুদ্র উপসাগর।

উপসাগর অপেক্ষা ক্ষুদ্র অথচ সমুদ্র খালাদি গমনাগমনের উপযুক্ত হইলে তাহাকে ক্ষুদ্র উপসাগর বলেন।

অখাত।

মহাসাগর হইতে নির্গত অথচ আকারে প্রায় উপসাগর তুল্য এবং মোহানা অতি বিস্তীর্ণ এমত প্রবল জলাশয়কে অখাত বলেন।

হ্রদ।

চতুর্দ্দিকে স্থল বেষ্টিত জল কিন্তু সমুদ্রে সংযুক্ত নহে তাহাকে হ্রদ বলেন, হ্রদের আকার সরোবরের ন্যায়, অথচ স্বভাব জাত।

মোহানা।

পরিসর স্বল্প অথচ যাহার দ্বারা এক সাগর অন্য সাগরে মিলিত হয় তাহাকে মোহানা বলেন।

নদী।

পর্ব্বতাদি হইতে নির্গত হইয়া যাহা দ্বারা জলস্রোত হ্রদে কিম্বা সমদ্রে যায় তাহাকে নদ কিম্বা নদী বলেন।

বহুমুখ বহুমুখী।

নদ নদীর অধিক মুখ থাকিলে সেই নদ নদীকে বহুমুখ বহুমুখী বলা যায়।

উপনদী।

যে খালের জল নদীতে প্রবেশ করে সেই খালকে উপ নদীবলেন।

খাড়ী কিম্বা শাখানদী।

সমুদ্রাদি হইতে নির্গত ক্ষুদ্র জলাশয়কে খাড়ী অথবা শাখা নদী বলেন।

কীলকস্থান।

সাগরাদি জলাশয়ের যে স্থানে বৃহৎ নৌকাদি লোঙ্গর করিয়া থাকে তাহাকে কীলক স্থান বলেন।

কোল।

ব্যাঘাত নিবারণ জন্য সাগরাদির যে২ স্থানে বৃহৎ নৌকাদি লোঙ্গর করে তাহাকে ঘোল অথবা কোল বলে।

খাল।

মনুষ্যকৃত যে দীর্ঘাকার জলাশয় নৌকাদি গমনাগমনের উপযুক্ত হয় তাহাকে খাল বলা যায়।

পৃথিবীর স্থলের বিবরণ।

জলস্থানের ন্যায় পৃথিবীর স্থলের পৃথক্২ নাম আছে, যথা মহাদ্বীপ, দ্বীপ, উপদ্বীপ, প্রায় দ্বীপ, অন্তরীপ, ডমরুমধ্য, অন্তরাল, তীর, কাছাড়, গ্রন্থিকা, গ্রন্থিকাধ্বজ, গুপ্তচর, সেতু, বন্দর, পর্ব্বত, ক্ষুদ্র পর্ব্বত, বাড়বানল পর্ব্বত, রাজধানী, নগর, গ্রাম, সীমা, দুর্গ, গড়বন্দীবাটী, উপবন, নিবিড়বন।

মহাদ্বীপ।

যাহাতে পৃথক২ নামে বহুদেশ আছে তাহার নাম মহা

দ্বীপ, পৃথিবীতে দুই মহাদ্বীপ, একের নাম পুরাতন মহাদ্বীপ, দ্বিতীয় নূতন মহাদ্বীপ।

দ্বীপ।

চতুর্দ্দিকে জল বেষ্টিত স্থানের নাম দ্বীপ।

উপদ্বীপ।

ক্ষুদ্রাকার উক্ত প্রকার দ্বীপের নাম উপদ্বীপ বলে।

প্রায়দ্বীপ।

দ্বীপের ন্যায় জল দ্বারা বেষ্টিত অথচ এক পার্শ্বে মহাদ্বীপ কিম্বা দ্বীপের সহিত কোন অংশে সংযুক্ত, তাহার নাম প্রায়দ্বীপ।

অন্তরীপ।

যে উচ্চ ভূমি মহাদ্বীপাদি হইতে বহির্গতা হইয়া সমুদ্রাদি মধ্যে ক্রমশ অল্প পরিসরে জলোপরি যায় তাহার অগ্রভাগের নাম অন্তরীপ।

ডমরু মধ্য।

পথের ন্যায় অল্প পরিসর যে ভূমিখণ্ড দুই দ্বীপের প্রান্ত ভাগে সংযুক্ত থাকে তাহাকে ডমরু মধ্য বলেন।

অন্তরাল।

মহাদ্বীপ হইতে বহির্গত এবং অন্তরীপের মধ্যবর্ত্তি ভূমি খণ্ডকে অন্তরাল বলেন।

তীর।

জল তরঙ্গে যে পর্য্যন্ত প্লাবিত করে তাহার সমীপস্থ উচ্চ ভূমিকে তীর কহেন।

কাছাড়।

নদ নদী প্রভৃতির সমীপস্থ উচ্চ ভূমি যাহাতে তরঙ্গ লাগে তাহাকে কচ্ছ, অর্থাৎ কাছাড় অথবা আড়ুলি বলে।

গ্রন্থিকা।

সমুদ্র প্রভৃতির মধ্যস্থ পর্ব্বত, চর, অথবা জলমগ্ন অন্য প্রকার অদৃশ্য ভূমি, যাহাতে নৌকাদি বানিচালি হইতে পারে এরূপ স্থানকে জিঞ্জিরা অথবা গ্রন্থিকা বলা যায়।

গ্রন্থিকা ধ্বজ।

গ্রন্থিকাতে নৌকা না ঠেকে এজন্য নাবিকেরা যে সঙ্কেত চিহ্ন রাখে তাহাকে গ্রন্থিকাধ্বজ বলে।

গুপ্তচর।

বালুকাময় চর যাহা জলে ডুবিয়া থাকে, এবং নাবিকেরা যাহাকে মসিনা কহে তাহার নাম গুপ্ত চর।

সেতু।

জলাশয়ের উপরিভাগে মৃত্তিকাদি নির্ম্মিত যে পথ তাহাকে সেতু বলে।

বন্দর।

নৌকা যোগে যাতায়াতে নদনদীতীরস্থ যে স্থানে দ্রব্যাদি ক্রয় বিক্রয় হয় তাহাকে বন্দর কহেন।

পর্ব্বত।

মৃত্তিকা প্রস্তর বৃক্ষ জলাশয়াদি যুক্ত অথচ বহু শৃঙ্গ বিশিষ্ট এবং পৃথিবী হইতে উচ্চ যে কঠিন ভূমি তাহাকে পর্ব্বত বলা যায়।

ক্ষুদ্র পর্ব্বত।

পর্ব্বতহইতে ক্ষুদ্র অথচ শৃঙ্গাদি রহিত কিন্তু পৃথিবীহইতে উচ্চ যে কঠিন স্থাবর তাহাকে পাহাড় এবং ক্ষুদ্র পর্ব্বত বলা যায়।

বাড়বানল পর্ব্বত।

স্বভাবত যে পর্ব্বতে অগ্নি থাকে এবং ঐ অগ্নি স্বয়ং দীপ্যমান হয়. তাহাকে বাড়বানল পর্ব্বত বলেন।

রাজধানী।

দেশ দেশান্তরীয় ধনিগণের বাস ও বাণিজ্য স্থান এবং ভূপতির প্রাসাদ ও প্রধান বিচারাগার যে স্থানে আছে তাহাকে রাজধানী বলা যায়।

নগর।

বহু প্রকার ব্যবসায়ী গণের এবং নানা দেশীয় ও ধনিগণের বাস ও বাণিজ্য স্থানকে নগর বলা যায়।

গ্রাম।

বহুলোকের বাসস্থানকে গ্রাম বলেন।

সীমা।

সকল প্রকার বস্তুর অন্তভাগকে সীমা বলা যায়।

দুর্গ।

শত্রুগণের আক্রমণ সময়ে দেশ রক্ষণোপযুক্ত পরিখাদি বেষ্টিত নির্ম্মিত স্থান যাহাতে সৈন্য এবং অস্ত্র শস্ত্রাদি থাকে, তাহাকে দুর্গ অথবা গড় বলা যায়।

গড়বন্দী বাটী।

মনুষ্য কল্পিত খাত বা শাখানদী বেষ্টিত ভূমিখণ্ডে নির্ম্মিত বাসস্থানকে গড়বন্দী বাটী বলেন।

উপবন।

মনুষ্য রোপিত বৃক্ষাদি ময় ভূমি খণ্ডকে উপবন বলা যায়।

নিবিড় বন।

বৃহৎ প্রাচীন অথচ স্বয়ং জাত বৃক্ষ সমূহে আবৃত ভূমিকে নিবিড় বন বলেন।

পৃথিবীর খণ্ড চতুষ্টয়ের বিবরণ।

পৃথিবী চারি খণ্ডে বিভক্তা হইয়াছে, ইংরাজি ভাষায় ঐ সকল খণ্ডের নাম, ইউরোপ, আসিয়া, আফ্রিকা, এবং আমেরিকা। ইউরোপ আসিয়া আফ্রিকাকে প্রাচীন মহাদ্বীপ

বলা যায়। এবং আমেরিকা স্বতন্ত্র এক মহাদ্বীপ, তাহা নূতন প্রকাশ হইয়াছে।

এইচারি খণ্ড সমান স্থানাবৃত নহে, পরস্পরের ন্যূনাধিক্য প্রযুক্ত পরিসরের ইতর বিশেষ আছে অর্থাৎ ইউরোপ নামক ভাগ ষোল অংশের দুই অংশ, আসিয়া পাঁচ আনা, আফ্রিকা সাড়ে তিন আনা। আমেরিকা সাড়ে পাঁচ আনা, কিন্তু ইউরোপ ও আসিয়াতে, আফ্রিকা ও আমেরিকা অপেক্ষা তেরো গুণ লোক অধিক।

পণ্ডিতেরা অনুমান করেন পৃথিবীতে সমুদায়ে প্রায় সাত অর্ব্বুদ অর্থাৎ ৭০ কোটি মনুষ্য আছেন তাহার বিশেষ আসিয়াতে পঞ্চাশ কোটি, আফ্রিকায় তিন কোটি, আমেরিকায় দুই কোটি, ইউরোপে পোনেরো কোটি, এই সংখ্যানুসারে সমুদায়ে সাত অর্ব্বুদ লোক বলা যায়।

আসিয়া বিবরণ।

পৃথিবীর চারিখণ্ডের মধ্যে আসিয়া খণ্ড পরিমাণে যদ্যপি দ্বিতীয় গণনীয়, তথাপি আসিয়াতে সর্ব্বাপেক্ষা লোক সংখ্যা অধিক, এবং পূর্ব্বকালে এই দেশ শ্রেষ্ঠত্বে ও বিদ্যোপার্জ্জনে এবং বাণিজ্যাদি ব্যবসায়ে অন্যান্য খণ্ড হইতে উৎকৃষ্ট ছিল।

আসিয়া খণ্ড প্রশস্থে উত্তর সীমাবধি দক্ষিণ সীমাপর্য্যন্ত ২০৩২ ক্রোশ, এবং দীর্ঘে পশ্চিমাবধি পূর্ব্ব পর্য্যন্ত ২৯৩৬ ক্রোশ। ইহার উত্তর সীমা হিম সাগর, দক্ষিণ সীমা ভারত মহাসাগর, পূর্ব্ব সীমা পাসিফিক্ মহাসাগর, পশ্চিম সীমা ইউরোপ ও মেডিটরেনিয়ান্সাগর। এই চতুঃসীমাবচ্ছিন্ন আসিয়ার মধ্যে ন্যূনাধিক পঞ্চাশ কোটি মনুষ্য বসতি করেন।

আসিয়াদেশ প্রধান দ্বাদশ রাজ্যে বিভক্ত, যথা, উত্তর ভাগে রুসীয়া, পশ্চিমে তুরুষ্ক এবং আরবদেশ, পূর্ব্বদিগে চীন, মধ্যস্থলে ত্রৈবত্ম অর্থাৎ টিবেট, তাতার ও আরব্য দেশ কাবল, এবং দক্ষিণে হিন্দুস্থান, ব্রহ্মদেশ ও শ্যাম এবং পূর্ব্বসীমা সান্নিধ্য কতিপয় দ্বীপ যাহাকে জাপান রাজ্য কহে।

আসিয়াস্থ সাগর উপসাগর এবং অখাত।

আসিয়ার মধ্যে প্রধানত্বে গণ্য যে সকল সাগর উপসাগর এবং অখাত আছে তাহার বিশেষ কহিতেছি, উত্তরে অবি উপসাগর, উত্তর পূর্ব্বে ওকাটসাগর, পূর্ব্বে জাপান সাগর,

ইয়ালোসাগর, পূর্ব্ব সাগর, ও চীন সাগর, এবং ইয়ানেডর, টনকিন, ও শ্যাম উপসাগর। পশ্চিমে কাস্পিয়ন সাগর ও সিন্ধু উপসাগর, পশ্চিম দক্ষিণে আরব সাগর, এবং দক্ষিণে মানার, কাম্বে, ও পারস উপসাগর, এবং বঙ্গদেশের অখাত। এতদ্ব্যতিরিক্ত আসিয়াতে অন্যান্য অনেক ক্ষুদ্র২ অখাত এবং উপসাগরও আছে।

আসিয়ার মোহানা।

যে মোহানাতে আসিয়াকে আমেরিকা হইতে বিভক্ত করে বেরিং নামক সাহেব প্রথমে তাহা প্রকাশ করিয়াছিলেন এই কারণ "বেরিং মোহনা,, তাহার নাম করণ হয়, যে মোহানা মহাদ্বীপ হইতে নভাজিম্‌লাকে বিভক্ত করে তাহার নাম ওয়েগট্‌স। কেরেয়া মোহানা জাপানকে কেরেয় হইতে বিভক্ত করে। ম্যাকেশর মোহানা বোর্নিয়োকে সেলেবেস্‌ হইতে পৃথক্‌ করিয়াছে। সাণ্ডা মোহানা যাবা হইতে, এবং মালাই মোহানা মালাই হইতে সুমাত্রাকে ভিন্ন করে, মানার মোহানা মহাদ্বী হইপতে লঙ্কাকে পৃথক করিয়াছে, বেবল্মেণ্ডেলের মোহানা পারস উপসাগরকে এবং আরম্‌স মোহানা পারস উপসাগরকে ভারত মহাসাগরে সংযুক্ত করে।

আসিয়াস্থ হ্রদ।

তাতার দেশে আরাল হ্রদ শিবির দেশে বৈকাল হ্রদ, তুরুষ্ক অর্থাৎ তুরুক দেশে ভান হ্রদ, টিবেট দেশে পালটি,

মানস সরোবর, ও রাবণ হ্রদ, এবং জুডিয়া দেশে ডেড্‌সি অর্থাৎ নির্জ্জীব সাগর।

আসিয়ার নদী।

লীনা, অবী, যেনেসী, এই তিন বৃহৎ নদী আল্‌টেন পর্ব্বত হইতে নির্গতা হইয়া শিবির দেশ দিয়া হিম সাগরে প্রবেশ করিয়াছে।

হোয়ান্‌হো, এবং কিয়াঙ্কু, এই দুই নদী টিবেট্‌ দেশীয় পর্ব্বত হইতে নির্গতা হইয়া চীন দেশ দিয়া পূর্ব্ব সাগরে প্রবিষ্টা হয়। অমর নদী আল্‌টেইন পর্ব্বত হইতে নির্গতা হইয়া ওকট্‌ সাগরে মিলিয়াছে।

ব্রহ্মপুত্র, এবং সিন্ধু এইদুই নদ ও ইরাবতী নদী টিবেট দেশীয় পর্ব্বত হইতে নির্গতা হইয়া ভারত মহাসাগরে প্রবেশ করে।

গঙ্গা, হিমালয় পর্ব্বত হইতে আসিয়া শোণ, যমুনা, ঘর্ঘরা, কুশী ইত্যাদি নদ নদীর সহিত একত্র হইয়া পদ্মার সহিত মিলেন এবং পদ্মা দ্বারা ব্রহ্মপুত্রে মিলিয়া বঙ্গদেশের অখাতে প্রবিষ্টা হইয়াছেন।

টিগ্রিস এবং ইউফ্রেটিস এই দুই নদী টরিক পর্ব্বত হইতে নির্গতা হয় পরে বসরা দেশের ন্যূনাধিক প্রায় ১০ ক্রোশ উত্তরে উভয়ে একত্র হইয়া পারস উপসাগরে প্রবেশ করে।

আসিয়ার পর্ব্বত।

আসিয়াতে যে২ পর্ব্বত আছে তাহার মধ্যে লিখিতব্য

পর্ব্বত সকল প্রধান, যথা, আল্‌টেইন পর্ব্বতশ্রেণী, এই পর্ব্বত রুসিয়ার দক্ষিণ পর্ব্বত হইতে পশ্চিম পর্য্যন্ত বিস্তৃত এবং স্থানে২ ভিন্ন২ নামে বিখ্যাত হইয়াছে। বঙ্গদেশের উত্তরে হিমালয় পর্ব্বত, তাহার উচ্চতা পৃথিবীস্থ সকল পর্ব্বতাপেক্ষা অধিক। কাকেসস্ পর্ব্বত ব্লাক্‌সি ও কাস্পিয়ন সাগরের মধ্য স্থলে, তাহার দক্ষিণে এরারাট পর্ব্বত। টিবেট দেশের উত্তরে কৈলাস, এবং হিন্দুস্থানের পূর্ব্ব ও পশ্চিম পার্শ্বে ঘাট নামে পর্ব্বত শ্রেণী।

আসিয়ার প্রায়দ্বীপ।

আয়িসার মধ্যে মালাকা, কাম্বোড়িয়া, কোরিয়া, কামস্কট্‌কা, এবং হিন্দুস্থানের দক্ষিণভাগ, এই সকল স্থানকে প্রায়দ্বীপ কহে।

আসিয়ার ডমরুমধ্য।

সুয়েজ নামক ডমরুমধ্য যাহা দ্বারা আফ্রিকা রাজ্য আসিয়াতে সংযুক্ত হয়, ক্রো নামক ডমরুমধ্য দ্বারা মালাকা প্রায়দ্বীপ শ্যামদেশে সংলগ্ন।

আসিয়ার অন্তরীপ।

আসিয়ার পূর্ব্বাংশে ইষ্টকেপ, কামস্কট্‌কার দক্ষিণাংশে লেপেট্‌কা, চীনদেশের পূর্ব্বাংশে নিম্ন, লুজনের উত্তরাংশে বজেডব্, সালেয়ার দক্ষিণাংশে রুমিনিয়া যাহাকে রমণীয়

কহে, হিন্দুস্থানের দক্ষিণাংশে কুমারিকা, এবং আরবীয়ার পূর্ব্বাংশে রাসলহাড্ এই সকল নামে অন্তরীপ আছে।

আসিয়ার দ্বীপ।

হিমসাগরে নভাজিম্ব্লা। মেডিটরেনিয়ন্ সাগরে সাইপ্রাস, এবং রোডস।

ভারত মহাসাগরে লঙ্কা যাহাকে শিলন কহে, মাল্ডিবস অর্থাৎ মালদ্বীপ, লাকেডিব্স অর্থাৎ লক্ষ্মীদ্বীপ, নিকোবার দ্বীপ সমূহ, শিঙ্গাপুর, এবং পীনাঙ্গ।

ভারত ও পাসেফিক মহাসাগরের মধ্যে কতিপয় দ্বীপ আছে, তাহাও ভারতদ্বীপ নামে খ্যাত, ঐ সকল দ্বীপের মধ্যে বর্ণিয়ো, যাবা, সুমাত্রা, ফিলিপিন্স দ্বীপসমূহ এবং স্পাইস্ এই সকল প্রধান দ্বীপ।

পাসেফিক্ মহাসাগরে নিফন, যেসো, কিন্সো, এবং অন্যান্য কতিপয় ক্ষুদ্র দ্বীপ আছে এই সকল দ্বীপকে জাপান রাজ্য কহে এবং ঐ মহাসাগরে হানান, ফারমোসা, লুকু, এবং ফাক্স নামক দ্বীপ এবং অন্য২ অনেক ক্ষুদ্র দ্বীপ আছে।

আসিয়ার প্রধান দ্রব্য সকল।

আসিয়ার যে২ দেশ হইতে যে২ দ্রব্য প্রকাশ হয়, তাহার বিবরণ। হিন্দুস্থানে নীল. চিনি, তণ্ডুল, রেশম, কার্পাস, শোণ, লবণ, এবং আফীণ জন্মে।

চীনদেশে, চা, রেশম, মখ্মল, মিছরি, গজদন্ত এবং কচ্ছপাস্থি নির্ম্মিত খেল্না, কাঁচের বাসন, কর্পূর, কাগচ, এবং ফলের মোরব্বা ইত্যাদি দ্রব্য উৎপন্ন হয়।

আরবদেশের ঘোটক উত্তম এবং তথায় কাওয়া ও জন্মে, পারসদেশে গালিচা, রেশম, আতর এবং মদিরা উৎপন্ন হয়।

তুরুক রাজ্যে গালিচা, কিস্মিস্, ডুম্বর, ঘোটক এবং চর্ম্ম জন্মে লঙ্কা হইতে গজদন্ত, আব্লুসকাষ্ঠ, মুক্তা, দারুচিনি এবং নারিকেল তৈলাদি নানাদেশে যায়।

বৃহ্মরাজ্য, আসাম, এবং নেপাল দেশে বাহাদুরী ও সেগুণ কাষ্ঠের বাণিজ্য হয়।

মালাকা দ্বীপ হইতে পাকোপকরণ অর্থাৎ মসলাদি আইসে। তাহার নিকটে নানা দেশে জৈত্রী, এবং বাঁদাদেশে লবঙ্গ অধিক জন্মে।

মালয়া এবং ব্যাল্কা দেশে টীন বাণিজ্য হয়।

টিবেট দেশে দুর্ম্মূল্য ছাগলোম যথেষ্ট জন্মে তাহাতে কাশ্মীর দেশীয় শাল নির্ম্মিত হয়।

হিন্দুস্থান।

পূর্ব্বে হিন্দুবংশীয় ভরত নামক মহারাজ এই দেশে রাজত্ব করিয়াছিলেন এই কারণ রাজ্যাধিকার সময়ে ভরতরাজার এতদ্দেশ ভারতবর্ষ নামে বিখ্যাত হয়। পরে তৈমুরাধিরাজের উত্তরাধিকারি দিগের প্রভুত্ব সময়ে ইউরোপ দেশীয়েরা ইহাকে মোগলরাজ্য কহিতেন। বাস্তবিক দিল্লীস্থ জবন সম্রাট্ দিগের অধিকৃত স্থানকেই হিন্দুস্থান বলেন।

সীমা।

হিন্দুস্থানের উত্তরসীমা হিমালয়, পূর্ব্বসীমা আরাকান, কচ্ছ, এবং লিণ্ট পর্ব্বত। দক্ষিণ পূর্ব্বসীমা বঙ্গদেশীয় অখাত, দক্ষিণ এবং দক্ষিণ পশ্চিমসীমা ভারত মহাসাগর। পশ্চিম সীমা সিন্ধুনদ।

পরিমাণ।

হিন্দুস্থানের দীর্ঘতা কুমারী অন্তরীপাবধি হিমালয় পর্ব্বত পর্য্যন্ত ৮২৮ ক্রোশ, ইহার পূর্ব্ব পশ্চিম পরিসর শ্রীহট্ট এবং কচ্ছ দেশের মধ্যবর্ত্তি পর্ব্বতাবধি সিন্ধুনদের মুখ পর্য্যন্ত ৭১৩ ক্রোশ। উক্ত সীমাবচ্ছিন্ন প্রদেশ চতুরস্র ৫৬৩২০০ ক্রোশ ভূমি হইবেক, এবং তথায় প্রায় ১৩৪০০০০০০ মনুষ্য বাস করে।

ভূগোলীয় বিভাগ।

হিন্দুস্থান চারি অংশে বিভক্ত, উত্তর হিন্দুস্থান, প্রকৃত হিন্দুস্থান, দাক্ষিণাত্য হিন্দুস্থান, এবং কৃষ্ণানদীর দক্ষিণ পার্শ্বে দক্ষিণ দাক্ষিণাত্য হিন্দুস্থান।

উত্তর হিন্দুস্থান।

উত্তর হিন্দুস্থানের পশ্চিমসীমা কাশ্মীর দেশ এবং শতলজ্ অর্থাৎ শতদ্রুনদী, পূর্ব্বসীমা আসাম দেশ এবং টিষ্টী অর্থাৎ তৃষ্ণানদী, উত্তরসীমা হিমালয় পর্ব্বত, এবং দক্ষিণ সীমা প্রকৃত হিন্দুস্থান।

উত্তর হিন্দুস্থান নয় খণ্ডে বিভক্ত, যথা, কাশ্মীর, লাহোর, দোয়াব্ অর্থাৎ দ্বিআপদেশ, গারওয়াল, কামায়ুন, নেপাল, সিকিম, ভুটান অর্থাৎ ভোটদেশ, এবং আসামদেশ।

প্রকৃত হিন্দুস্থান।

পূর্ব্বে লিখিত হইয়াছে যে হিন্দুস্থানের একাংশকে প্রকৃত হিন্দুস্থান বলা যায়, আকবর নামক বাদশাহ ঐ স্থানকে এই একাদশ প্রধান প্রদেশ রূপে বিভক্ত করিয়াছিলেন, যথা, লাহোর, মূলতান, গুজরাট্ অর্থাৎ গুজ্জররাষ্ট্র, রাজপুতনা, দিল্লী অর্থাৎ ইন্দ্রপ্রস্থ, আগরা, মালয়ার, আলাহাবাদ (ইহার প্রাচীন নাম প্রয়াগ) অযোধ্যা, বেহার (ইহার প্রাচীন নাম মগধদেশ) বঙ্গদেশ, কিন্তু এইক্ষণে ঐ সকল দেশের সীমার এবং পরিসরাদির অনেক পরিবর্ত্তন হইয়াছে।

দাক্ষিণাত্য হিন্দুস্থান।

হিন্দুস্থানের অপরাংশ দাক্ষিণাত্য হিন্দুস্থান যাহা পূর্ব্বে লিখিত হইয়াছে, তাহা দশখণ্ডে বিভক্ত, যথা, আরঙ্গাবাদ,

বিদর, খানদেশ, হায়দারাবাদ, নন্দীর, সরকার উত্তরাখণ্ড, বীরার, গণ্ডওয়ানা, উড়িষ্যা, বিজয়পুর।

দক্ষিণ দাক্ষিণাত্য হিন্দুস্থান।

অপর দক্ষিণ দাক্ষিণাত্য হিন্দুস্থান নয় প্রদেশে বিভক্ত, যথা, কর্ণাট, মাইসোর অর্থাৎ মহিষাসুর, ক্যানেরা অর্থাৎ কিন্নর, মালাবার অর্থাৎ কিরাল, বারমহল, কায়ম্বতরু, ডিণ্ডীগল, কোচিন, ত্রিবঙ্কোর।

ইংলণ্ডাধিকৃত ভারতবর্ষীয় রাজ্য।

ইংলণ্ডাধিকৃত হিন্দুস্থানের চতুরস্র পরিমাণ ২২৫৬৬৫ ক্রোশ, ইহাতে প্রায় দশকোটি মনুষ্য বাস করে. এই রাজ্য ইংলণ্ডীয় রাজ্য হইতে পরিমাণে দশগুণ অধিক।

ইংলণ্ডাধিকৃত হিন্দুস্থানের বিভাগ।

ইংলণ্ডাধিকৃত হিন্দুস্থান চারি প্রদেশে বিভক্ত হইয়াছে, যথা, বঙ্গ, আগরা কিম্বা আলাহাবাদ, মান্দ্রাজ, বোম্বে।

এতদ্ভিন্ন পীনাঙ্গ, শিঙ্গাপুর প্রভৃতি কয়েক রাজ্য ও ইংরাজের অধিকৃত।

হিন্দুস্থানের বাণিজ্য দ্রব্য।

হিন্দুস্থানের বৃক্ষের মধ্যে শেগুনকাষ্ঠ দুর্মূল্য, দক্ষিণ হিন্দুস্থানে শাল শিশু এবং টুন কাষ্ঠ বিস্তর জন্মে।

হিন্দুস্থানের নানাস্থান হইতে গুবাক্, এলাচ্ ইত্যাদি মসলা, এবং নারিকেল, আম্র, কমলালেবু ইত্যাদি উৎকৃষ্ট ফল সকল নানা স্থানে যায়।

হিন্দুস্থানীয় পশুর মধ্যে, হস্তী, ব্যাঘ্র, গণ্ডার, ভল্লুক, শূকর, মহিষ, উষ্ট্র ইত্যাদি অতিশয় বলবান।

হিন্দুস্থানে হীরক এবং সুবর্ণ, লৌহ, তাম্র শীশা ইত্যাদি ধাতু অনেক আছে।

এবং ধান্য, যব, নীল, রেশম. কার্পাস, ইক্ষু, প্রভৃতি, নানা প্রকার শস্য জন্মে।

আসিয়ার অন্তঃপাতি রাজ্য এবং প্রধান নগর।

রাজ্য	প্রধান নগর
রুসিয়া	আস্ত্রাকান তবালস্ক
তুরস্ক	এলেপো
আরব	মক্কা, মদিনা
চীন	পেকিন, ন্যানকিং, কাণ্টন
টিবেট	লাসা
তাতার	সমরকন্দ, বোখারা
পারস	তেহরান, স্পাহান, শিরাজ,
কাবল	কান্ধাহার, পেসোয়র

হিন্দুস্থান	.. ..	দিল্লী, কলিকাতা, আলাহাবাদ
বৃহ্মদেশ	.. .. ..	আবা, অমরাপুর
শ্যাম	.. ..	বাঙ্কোক
যাপান	.. ..	জেডো

ইউরোপ দেশের সীমা, এবং খণ্ড সকলের বিবরণ।

আসিয়ার উত্তর পশ্চিমদিগে ইউরোপ, এবং আসিয়ার পশ্চিম সীমাও ইউরোপের পূর্ব্ব সীমা সংযুক্ত আছে।

ইউরোপের উত্তরসীমা আর্কটিক মহাসাগর, দক্ষিণসীমা মেডিটরেনিয়ান, পশ্চিম সীমা আটলাণ্টিক মহাসাগর, এবং পূর্ব্বসীমা ইউরেলিয়ান পর্ব্বত শ্রেণী, বল্গা এবং ডান নদী, ও আজফ ও ব্ল্যাক্ সাগর।

উনবিংশতি প্রধান রাজ্যে ইউরোপ বিভক্ত, যথা, উত্তরে রুসিয়া, সোএডম এবং নরওএ এবং দেন্মার্ক।

মধ্যস্থলে জর্ম্মাণ্, অস্ত্রিয়া, প্রুসিয়া স্বাধীন সুইজ্জরলণ্ড, এবং হলণ্ড ও বেল্জিয়ম।

দক্ষিণে, ফ্রান্স, স্পেইন, পোর্ত্তুগাল, নেপল্স, এবং সার্ডিনিয়া এবং টস্কানি দেশে ডুক উপাধি বিশিষ্ট দিগের রাজ্য, পোপের অধিকার, তুরস্ক, এবং ইটালী দেশীয় প্রধানাধিপতি দিগের দেশ এবং নূতন গ্রীশ রাজ্য।

পশ্চিমে গ্রেট ব্রিটন্ এবং আয়র্লণ্ড নামক দুই বৃহৎ উপদ্বীপ সংযুক্ত রাজ্য এবং আট্লাণ্টিক্ মহাসাগরস্থ ক্ষুদ্র২ অনেক উপদ্বীপ।

ইউরোপের সাগর, উপসাগর এবং অখাত।

ইউরোপের মধ্যে যে সকল সমুদ্র, উপসাগর, এবং অখাত আছে তাহার বিবরণ যথা, রুসিয়ার উত্তর ভাগে আর্কটিক মহাসাগরস্থ হোয়াইট্সাগর। আটলাণ্টিক মহাসাগরস্থ জর্ম্মাণ্ সাগর, তাহা গ্রেটব্রিটন্ এবং দেন্মার্ক রাজ্যের মধ্য বর্ত্তী। বলটিক্ সাগর সোএডন্ রাজ্যের উত্তর পশ্চিমে এবং প্রুসিয়া ও রুসিয়া রাজ্যের দক্ষিণ পূর্ব্বে আছে। মেডিটরেনিয়ান সাগর, ইউরোপ এবং আফ্রিকা রাজ্যের মধ্যস্থল। ব্ল্যাক্সাগর, আজফ্ সাগর, এবং মর্ম্মরা সাগর, এসকল ইউরোপ এবং আসিয়া দেশের মধ্যবর্ত্তী, আর্কটিক মহাসাগরস্থ কাণ্ডলাক্স এবং আর্কঙ্গল উপসাগর হোয়াইট সমুদ্রের শাখা, এতদ্ভিন্ন শেষকয়া ও ওয়ারাঙ্গর ফিয়র্ড উপসাগর ঐ মহাসাগরে আছে।

আট্লাণ্টিক মহাসাগরস্থ বোথনিয়া, ফিন্ল্যাণ্ড এবং রিগা উপগাগর, এসকল বল্টিক্ সাগরের শাখা। লিয়ন উপসাগর, ফ্রান্স্ রাজ্যের পশ্চিমে। জেনোয়া উপসাগর। ভিনিস্ উপসাগর অথবা এড্রিএটিক্সাগর ইটালী এবং তুরুকদেশের মধ্যবর্ত্তী। ইটালী দেশের দক্ষিণস্থ টরেণ্টো উপ

সাগর এবং করিন্থ উপসাগর মেডিটরেনিয়ান্ সাগরের শাখা। ফ্রান্স্ দেশের পশ্চিমে এবং স্পেইন্ দেশের উত্তর ভাগে বিস্কে নামক অখাত আছে।

ইউরোপের মোহানা।

আইরিষ মোহানা, ইংলণ্ড এবং আয়র্লণ্ড দেশের মধ্যে আছে। ব্রিটিস মোহানা, ইংলণ্ড এবং ফ্রান্স্ দেশের মধ্য বর্ত্তী। স্কেজর রাক, এবং কাটীগাট্ এই দুই মোহানা বল্টিক সাগরে প্রবেশের পথ স্বরূপ হইয়াছে। ডোবর মোহানা, ডোবর এবং ক্যালেশ দেশের মধ্যবর্ত্তী। জিবরাল্টর মোহানা, স্পেইন এবং আফ্রিকা দেশের মধ্যে আছে। বনি ফেসিও মোহানা, সার্ডিনিয়া এবং কর্ষিকা দেশের এবং মেসিনা মোহানা, সিসিলি এবং ইটালী দেশের মধ্যবর্ত্তী। কনষ্টান্টিনোপল মোহানা দ্বারা ব্ল্যাক সাগর ও মর্ম্মরা সাগর সংযুক্ত হইয়াছে। কাফা মোহানা, ব্ল্যাক সাগরকে আজফ্ সাগরে যুক্ত করিয়াছে। সৌণ্ড মোহানা, জিলণ্ড উপদ্বীপ এবং সোএডন্ দেশের মধ্যবর্ত্তী, তাহাতে দেন্মার্ক রাজ্যেশ্বর বল্টিক সাগরে গমনশীল জাহাজাদির মাসুল গ্রহণ করেন।

ইউরোপীয় হ্রদ।

ইউরোপের অন্তঃপাতি যে২ দেশে প্রধান২ যে সকল হ্রদ আছে তাহার বিবরণ যথা।

রুসিয়াদেশে লেডোগা এবং অনিগা হ্রদ। সোএডন রাজ্যে ওএনর এবং ওএটর হ্রদ। হলণ্ড দেশে হয়রলেম হ্রদ। ইংলণ্ড দেশে কেসুইক অথবা ডার ওএণ্টার হ্রদ, স্কটলণ্ডদেশে লক্‌লমণ্ড এবং লক্‌লেবন হ্রদ। আয়লণ্ড দেশের দক্ষিণে কিলানীর হ্রদ আছে।

সুইজরলণ্ড দেশে জেনবা এবং কন্‌ষ্টান্‌স হ্রদ। ইটালী দেশের উত্তরে কোমো এবং মেগিওর হ্রদ আছে।

সুইজরলণ্ড, ইটালী, স্কটলণ্ড, আয়র্লণ্ড এবং ইংলণ্ডের হ্রদ সকল অতিসুদৃশ্য।

ইউরোপেরনদী।

ইউরোপ দেশের নদী সকল যে২ স্থান হইতে প্রকাশ হইয়া যে২ স্থানে প্রবেশ করিয়াছে এবং যে২ দেশ সেই সকল নদী তীরস্থ তাহার বিবরণ।

দ্বীনানদী, রুসিয়াদেশস্থ বলগদা পর্ব্বতের নিকটবর্ত্তি স্থান হইতে প্রকাশ হইয়া হোয়াইট্ সাগরে প্রবেশ করিয়াছে।

বল্‌গা, ডান, এবং নীপর এই তিন নদী, রুসিয়ার মধ্যস্থ পর্ব্বত হইতে প্রকাশ হইয়াছে। তাহার মধ্যে বল্‌গা যে ইউ রোপের প্রধান নদী, তাহা এষ্ট্রকান দেশের নিকটস্থ কাস্পিয়ন সাগরে প্রবিষ্টা হইয়াছে, ডান্‌নদী আজফ্‌দেশের আজফ্ সাগরে প্রবেশ করিয়াছে। নীপর, নদী চের্শন দেশের নিকটস্থ ব্লাক সাগরে প্রবিষ্টা হইয়াছে। ডিনুবনদী, সোএবিয়া

নগরের রাজ বাটীর প্রাঙ্গণ হইয়া পূর্ব্বমুখে বেবেরিয়া এবং অষ্ট্রিয়া দেশের মধ্য দিয়া দক্ষিণ মুখে হঙ্গেরি দেশের মধ্যস্থলে যাইয়া পুনর্ব্বার পূর্ব্বমুখী হয় পরে তথা হইতে তুরস্ক দেশের মধ্য দিয়া পঞ্চশাখা হইয়া ব্ল্যাক সাগরে প্রবেশ করিয়াছে, এই প্রধানানদী তীরে অনেক নগর আছে, যথা বেবেরিয়াদেশের রেটিশবন্‌নগর, বাএনা নগর, হঙ্গেরি দেশের প্রধান নগর প্রেসবর্গ, বুড়া এবং তদ্দেশস্থ বেল্‌গ্রেড় নগর। বিশ্চুলানদী ক্রপক পর্ব্বত হইতে নির্গমন পূর্ব্বক উত্তর বাহিনী হইয়া ডান্টজীগ উপসাগরে গিয়াছে, এই নদী তীরে ওয়াশা, থরণ এবং ডান্টজীগ এই সকল প্রধান২ নগর আছে। এল্‌বনদী বহিমিয়ার পর্ব্বত হইতে জর্ম্মাণি দেশদিয়া জর্ম্মাণ সমুদ্রে প্রবিষ্টা হইয়াছে এই নদী তীরে ড্রেসডেন এবং হেম্বর্গ এই দুই প্রধান নগর আছে। স্কেল্‌ডনদী ফ্রান্স দেশের ভোএ নামক পর্ব্বত হইতে উৎপন্না হইয়া এণ্টোএর্প দেশের নিকট দিয়া জর্ম্মাণ সাগরে প্রবিষ্টা হইয়াছে। মেশীনদী ফ্রান্স দেশের স্যাম্প্লেইন নামক জিলার নিকটস্থ পর্ব্বত হইতে বেল্‌জিয়ম দেশে গিয়াছে, তৎপরে পশ্চিম বাহিনী হইয়া জর্ম্মাণ সাগরে মিলিয়াছে, উক্ত নদীতীরে ব্রুসেল্‌স এবং রটর্ড্যাম্‌ নামক দুই প্রধান নগর আছে। হ্রাইননদী, সুইজ্জরলণ্ড দেশস্থ এল্প পর্ব্বত শ্রেণী হইতে টেমস নদীর মোহানার সম্মুখবর্ত্তি

জর্ম্মান্ সাগরে প্রবিষ্টা হইয়াছে, এই নদী তীরস্থ প্রধান নগর ষ্ট্রাসবর্গ, ওয়ারমস, মেণ্টজ, কোলোন্ এবং লিডেন্।

লয়রনদী, ল্যাঙ্গোএডক্ পর্ব্বত হইতে আট্লাণ্টিক মহা সাগরে প্রবিষ্টা হইয়াছে উক্ত নদীতীরে নাণ্টিস এবং অর্লী নস্ নামে নগর আছে।

হ্রোণ নদী সেণ্টগথার্ডগিরির নিকটস্থ এল্প পর্ব্বত হইতে উৎপন্না হইয়া ফ্রান্স দেশ দিয়া দক্ষিণ মুখে জিনুন হ্রদে যায়, এই নদীতীরস্থ প্রধান নগর লিয়ন্স এবং এবিগনন।

শীননদী, বর্গণ্ডি পর্ব্বত হইতে যাইয়া ইংলিস মোহানাতে প্রবিষ্টা হইয়াছে। গারোন্নী নদী পিরিনিস পর্ব্বত হইতে উৎ পন্না হইয়া বিস্কে অখাতে প্রবিষ্টা হইয়াছে। টেগস্নদী স্পেইন দেশের এরাগন্ জিলার নিকটস্থ পর্ব্বত হইতে দক্ষিণ পশ্চিম মুখে জিসবান্ দেশের নিকটস্থ আট্লাণ্টিক মহাসাগরে প্রবিষ্টা হইয়াছে, এই নদীর সমীপে লিসবান্ এবং টোলেডু নগর। মেড্রিড্ নগর উক্ত নদীর এক শাখানদীর তীরে আছে।

ইব্রোনদী, অষ্টুরিয়ান্ পর্ব্বত হইতে দক্ষিণপূর্ব্ববাহিনী হইয়া মেডিটরেনিয়ান্ সাগরে গিয়াছে।

ডুরোনদী ক্যাষ্টিলিয়ান্ পর্ব্বত হইতে পশ্চিমাভি মুখে ওপোর্টো দেশের নিকটে আট্লাণ্টিক মহাসাগরে প্রবিষ্টা হইয়াছে।

পোনদী, সেবয়দেশের এল্‌পস্‌ পর্ব্বতশ্রেণী হইতে পূর্ব্ব মুখে গিয়া এড্রিএটিক সাগরে প্রবিষ্টা হইয়াছে, এই নদীর নিকটস্থ প্রধান নগর টুরিন, ফেরারা এবং এড্রিয়া।

টাইবর নদী, এপিনাইস্‌ পর্ব্বত হইতে দক্ষিণ মুখে যাইয়া মেডিটরেনিয়ান্‌ সাগরে প্রবিষ্টা হইয়াছে, এই নদীর মোহানার ৯ ক্রোশ অন্তরে রুম রাজ্য।

টেম্‌স নদী, গ্লষ্টর সাইয়ার দেশীয় কটসৌলড গিরি হইতে দক্ষিণ পূর্ব্বমুখে গিয়া জর্ম্মাই সাগরে প্রবিষ্টা হইয়াছে উক্ত নদীর তীরস্থ প্রধান নগর, লণ্ডন, উইণ্ডসর, এবং অক্স ফোর্ড। সেভবন্‌ নদী, ওএল্‌সদেশস্থপ্লিনলিমন্‌ পর্ব্বত হইতে দক্ষিণ মুখে গিয়া বৃষ্টল মোহানাতে পতিতা হইয়াছে, এই নদীর তীরস্থ প্রধান নগর, শ্রূস্‌বরি, ওরসেষ্টর এবং গ্লষ্টর।

ট্রেষ্ট, ওউস, এবং ডর্ব্বেন্ত এই তিন নদীর সংযোগে উৎ পন্ন হম্বর নামক নদী, ইয়র্কসায়ার এবং লিঙ্কন্‌ সায়ার দেশের মধ্যস্থ জর্ম্মাণ্‌ সাগরে গিয়াছে।

টেনদী, গ্রেম্প্রিয়ান্‌ গিরি হইতে যাইয়া জর্ম্মাণ্‌ সাগরে পতিতা হইয়াছে।

টুইড নদী, লেনার্ক দেশে জন্মিয়া, ইংলণ্ড এবং স্কটলণ্ড দেশের মধ্যস্থ জর্ম্মাণ্‌ সাগরে প্রবিষ্টা হইয়াছে, ইহার তীরস্থ প্রধান নগর বেরুইক।

স্যানন্ নদী, আয়র্লণ্ড দেশের উত্তর পশ্চিমস্থ এলেন হ্রদ হইতে নির্গতা হইয়া আর২ বহু হ্রদের মধ্য দিয়া আটলাণ্টিক সাগরে গিয়াছে, এই নদীর তীরে লিমরিক প্রধান নগর।

ইউরোপের পর্ব্বত।

ইউরোপীয় পর্ব্বত সমূহ মধ্যে বাড়বানল পর্ব্বত সকল এক শৃঙ্গ, অন্যান্য পর্ব্বতের ন্যায় শ্রেণীবদ্ধ নহে।

এল্প পর্ব্বত শ্রেণী, ইটালী দেশকে ফ্রান্স, সুইজ্জরলণ্ড, এবং জর্ম্মাণি দেশ হইতে পৃথক্ করিয়াছে। এপিনাইন পর্ব্বত, ইটালী দেশের উত্তর হইতে দক্ষিণভাগ পর্য্যন্ত বিস্তৃত হইয়া আছে।

পিরিনিস পর্ব্বত স্পেইন এবং ফ্রান্স দেশের মধ্যস্থলে থাকিয়া উভয়কে স্বতন্ত্র২ রাখিয়াছে।

এর্জ্জিবর্গ এবং সুডেটিক পর্ব্বত শ্রেণীতে বহিনিয়াদেশ প্রায় বেষ্টিত হইয়াছে।

কার্পেথিয়ান্ পর্ব্বত শ্রেণী, হঙ্গারি দেশের উত্তর এবং পূর্ব্বভাগ বেষ্টন করিয়াছে।

ডোফ্রাফীল্ড পর্ব্বত শ্রেণী, নরওএ এবং সোএডন দেশের মধ্যবর্ত্তী।

ইউরেলিয়ান পর্ব্বত শ্রেণী, ইউরোপের অন্তর্গত রুসিয়া এবং আসিয়াস্থ রুসিয়ার মধ্যবর্ত্তী।

গ্রেম্পিয়ান্ পর্ব্বত শ্রেণী, স্কট্লণ্ড দেশে অবস্থিত আছে। শেবিয়ট্ নামক ক্ষুদ্র পর্ব্বত সকল ইংলণ্ড এবং স্কট্লণ্ড দেশের মধ্যবর্ত্তী।

অতি বিখ্যাত শিশিলি দেশস্থ বাড়বানল পর্ব্বতের নাম এট্না, বিষুবিয়স, নেপল্স দেশের সমীপস্থ বাড়বানল পর্ব্বত। হেক্লা আইশ্ল্যাণ্ড দেশস্থ বাড়বানল পর্ব্বত।

এল্প পর্ব্বত শ্রেণীস্থ ব্ল্যাঙ্ক নামক পর্ব্বত ইউরোপের সমুদায় পর্ব্বতাপেক্ষা উচ্চ।

স্পেইন দেশীয় বার্শলোনা নগরের নিকটস্থ মণ্টসেয়ার্ট্ পর্ব্বতে তপস্বিরা বাস করে এইহেতু অতি প্রসিদ্ধ।

স্কট্লণ্ড দেশস্থ বেন্নেভিষ, গ্রেটব্রিটন রাজ্যের উচ্চতম পর্ব্বত।

স্নোডন, ওএল্স দেশের এবং স্কিড্ডা, ইংলণ্ড দেশের উচ্চতম পর্ব্বত।

ইউরোপের প্রায়দ্বীপ, এবং ডমরুমধ্য।

নরওএ, এবং সোএডন, একত্র হওয়াতে যে প্রায়দ্বীপ নির্ম্মিত হয়, পূর্ব্বে তাহাকে স্কেণ্ডিনেবিয়া বলা যাইত। দেন্মার্কদেশে জট্লাণ্ড প্রায়দ্বীপ।

ব্লাক সাগরে ক্রিমিয়া প্রায়দ্বীপ। স্পেইন এবং পোর্ত্তুগাল প্রায়দ্বীপ; মেডিটরেনিয়ান্ সাগরকে অপর মহাসাগর হইতে পৃথক্ করিয়াছে। মোরিয়া প্রায়দ্বীপ গ্রীশ দেশের এক অংশ।

করিন্থ নামক ডমরুমধ্য মোরিয়াকে অপর ভূমির সহিত যুক্ত করিয়াছে।

প্রিকপ্ ডমরুমধ্য ক্রিনিয়া প্রায়দ্বীপকে তাহার ক্ষুদ্র রাজ্যের সহিত সুসংযুক্ত করিয়াছে।

ইউরোপের উত্তর প্রান্তে উত্তর অন্তরীপ। স্কটলণ্ডদেশের উত্তরে রথ্ অন্তরীপ।

ক্লিয়র অন্তরীপ, আয়লণ্ড দেশের দক্ষিণ ভাগে এক ক্ষুদ্রোপদ্বীপের দক্ষিণে আছে।

ইংলণ্ড দেশের দক্ষিণ পশ্চিমস্থ ল্যাণ্ডসেণ্ড, এবং লিজার্ড এই দুই অন্তরীপ, কর্নোয়াল দেশে আছে। উত্তর ফোরলাণ্ড এবং দক্ষিণ ফোরলাণ্ড, কেণ্ট দেশে আছে।

স্পেইন্ দেশের সর্ব্বোত্তরে আর্টিগাল অন্তরীপ, উক্ত দেশের সর্ব্ব পশ্চিমে ফিনিষ্টেরি অন্তরীপ, এবং দক্ষিণে ট্রাফাল্গর অন্তরীপ।

পোর্ত্তুগাল দেশে সেইণ্ট ভিন্সণ্ট এবং রোকা অন্তরীপ। স্পার্টিভেণ্টো অন্তরীপ ইটালী দেশের সর্ব্বদক্ষিণে। মটাপান্ অন্তরীপ, গ্রীশ দেশের দক্ষিণ ভাগস্থ মোরিয়া দেশে আছে।

ইউরোপেরদ্বীপ।

উত্তরীয় মহাসাগরে, স্পিট্জবর্ঘেন দ্বীপ, এবং বলটিক

সাগরে, ওলাণ্ড, ভেগো, এবং ইজেল, এই সকল দ্বীপ রুস রাজ্যের অন্তর্গত।

লফোডেন নামক কতিপয় ক্ষুদ্রদ্বীপে নরওএ দেশাধিপের অধিকার। এবং বল্টিক সাগরস্থ ওলাণ্ড এবং গথল্যাণ্ড দ্বীপ সোএএনাধিপতির বাস স্থান।

আট্লাণ্টিক মহাসাগরে আইসল্যাণ্ড এবং ফিরোদ্বীপ, আর বাল্টিক সাগরস্থ জিলণ্ড, এবং ফনেন দ্বীপ দেন্মার্কের রাজ্য।

নেপোলিয়ন্ বোনাপার্টির জন্মস্থান কর্সিকা দ্বীপ ফ্রান্সের অধিকৃত। টস্কানি দেশাধিকৃত এল্বা দ্বীপ, ফ্রান্স দেশের সিংহাসন প্রথম পরিত্যাগ কালে উক্ত নেপোলিয়ান সাহেব হস্তগত করিয়াছিলেন, উক্ত দুই দ্বীপ ইটালী দেশের পশ্চিম।

বেলিএরিক, ক্ষুদ্র উপদ্বীপ সকল, (অর্থাৎ মেজর্কা মিনর্কা, এবং ইবিকা,) স্পেইনদিগের অধিকৃত।

আট্লাণ্টিক মহাসাগরের মধ্যস্থ এজোর্স দ্বীপে পোর্তুগালদিগের বাস।

আয়োনিয়ান নামক সপ্ত দ্বীপ মধ্যে রাজার বাসস্থান কর্ফু দ্বীপ এবং জান্তি ও সেফালোনিয়া, এই তিন দ্বীপ প্রধান।

সিসিলি দেশের উত্তরে লিপারী নামক দ্বাদশ ক্ষুদ্র দ্বীপ স্পেইন জাতীয়দিগেব অধিকৃত।

গ্রীস এবং আসিয়ামাইনরের মধ্যস্থ, ক্যাণ্ডিয়া, হোড্স, এবং বহুসংখ্যক ক্ষুদ্র২ দ্বীপ যাহাকে মেডিটরেনিয়ান দ্বীপ সমূহ বলা যায়, তাহাতে তুরুক জাতীয়দিগের অধিকার।

অর্কনী, সেটল্যাণ্ড, এবং হেব্রাইডস্ দ্বীপ, স্কচজাতীয় দিগের রাজ্য।

ব্রিটিস মোহানাতে, ওয়াইট ক্ষুদ্র দ্বীপ আইরিস মোহানাতে ম্যান নামক ক্ষুদ্রদ্বীপ। জর্সি, গুএরনসি, এবং এলভর্নি এই তিন দ্বীপ ফ্রান্স দেশের সীমার নিকটে আছে। ল্যাণ্ড সেণ্ডের তীরস্থ সিলি নামক ক্ষুদ্রদ্বীপ, ইংলণ্ডাধিকৃত। আইরিস মোহানাস্থ, এঙ্গলেসা ক্ষুদ্রদ্বীপ, ওএল্স দেশের অধিকারস্থ।

ইউরোপান্তর্গত যে২ দেশ হইতে যে২ দ্রব্যপ্রাপ্ত হওয়া যায় তাহার বিবরণ।

ইংলণ্ড দেশে নানা প্রকার লৌহ, কার্পাস, এবং তদ্বস্ত্র, ইস্পাত নির্ম্মিত বন্দুকাদি অস্ত্র, যন্ত্র, কাচ, মৃত্তিকা পাত্র, কাগজ, লবণাক্ত এবং শুষ্ক মৎস্য, শস্যোৎপন্ন পেয়দ্রব্য, এবং আর প্রকার তদ্দেশজাত আর২ অনেক দ্রব্য প্রাপ্ত হওয়া যায়।

স্কটলণ্ড দেশ, কার্পাসবস্ত্র, গোমেষাদি পশু, নানা প্রকার মৎস্য এবং উত্তরামেরিকাজাত দ্রব্য সকল পাওয়া যায়।

আয়র্লণ্ড দেশে শস্য, বৃষ, গোল আলু এবং ত্বক সূত্র বস্ত্র অর্থাৎ ছালটি জন্মে।

রুসিয়া এবং সোএডন রাজ্যে চর্ব্বি, আলকাতরা, শোণ, মশিনা, বাহাদুরীকাষ্ঠ এবং লৌহ ইত্যাদি দ্রব্য উৎপন্ন হয়।

নরওত্র দেশ হইতে, চৌকড়কাষ্ঠ, চর্ব্বি, মাখন, শুকমৎস্য, ফট্‌কিরী এবং তাম্রের আমদানী হয়।

হলণ্ড দেশে গোমহিষাদি চতুস্পদ পশু, হোএল নামক মৎস্যের তৈল এবং নিকটস্থ নানাস্থানে অন্যান্য দ্রব্য, বিশেষতঃ চিনি এবং মশালা প্রাপ্ত হওয়া যায়। ফ্রান্স হইতে, সুরা, রেশম, মখমল, পশমী বস্ত্র, কাচ, এবং ফলের মোরব্বা। স্পেন দেশ হইতে সুরা, পশম, গুবাক, বাদাম, কমলানেবু, ডুম্বর এবং কর্ক নামক বৃক্ষের ছাল, এবং দেশোৎপন্ন অন্যান্য দ্রব্য, ও মদিরা পোর্ত্তুগাল দেশ হইতে আইসে।

জর্ম্মণি দেশে শোণ, মশিনা, তামাকু, পশম ইত্যাদি দ্রব্য পাওয়া যায়। ইটালী দেশ হইতে, নানাপ্রকার ফল, রেশম এবং বিচিত্র প্রস্তর। তুরস্ক দেশ হইতে গালিচা, চর্ম্ম, রেশম, কাওয়া এবং ডুম্বর আইসে।

পোলণ্ড দেশে গম এবং ক্রেকোর আর্করে লবণ উৎপন্ন হয়।

ইউরোপের অন্তঃপাতি রাজ্য এবং প্রধান নগর।

রাজ্য	প্রধান নগর
রুসিয়া	পিটর্স বর্গ ইষ্টক হলম
সোএডেন নারওয়ে ..	বার্জিন ক্রিষ্টিয়ানা
দেন্মার্ক	কোপেন্হেগন্
জর্ম্মাণ্	ফ্রাঙ্কফোর্ট
সেক্সনি	ড্রেস্ডেন্
হেনোবর	হেনোবর
আষ্ট্রিয়া	বায়ানা
হুঙ্গরি	বুড়া
পোলেণ্ড	ওয়ার্সা
প্রুসিয়া	বর্লিন্
সুজ্জরলেণ্ড	বারণ্
বেল্জিয়ম্	ব্রুসেল্স
হলেণ্ড	এমিষ্ট্রার্ডেম
ফ্রান্স	পেরিস্
স্পেইন	মেড্রিড
পোর্ত্তুগাল	লিস্বন্
ইটালী	রোম
নেপল্	নেপল

রাজ্য	প্রধান নগর
টস্কেনি	ফ্লোরেন্স
পোপডম	রোম
সার্ডিনিয়া	টিউরিন্ কেগ্লিয়ারি
তুরস্ক	কনষ্টাণ্টিনোপল ব্লগ্রেড্
গ্রীস্	এথেন্স
ইংলণ্ড	লণ্ডন
স্কটলেণ্ড	এডিনবর্গ
আয়রলেণ্ড	ডব্লিন্

আফ্রিকা দেশের প্রধান খণ্ড সকলের বিবরণ।

ইউরোপের দক্ষিণ পার্শ্বস্থ আফ্রিকা প্রায়দ্বীপ সোএজ ডমরু মধ্য দ্বারা উত্তর পূর্ব্ব কোণে আসিয়ার সহিত সংযুক্ত হইয়াছে।

আফ্রিকার মধ্যে কত রাজ্য আছে, অদ্যাপিও সংপূর্ণ রূপে তাহার বিশেষ প্রকাশ হয় নাই।

আফ্রিকার উত্তর ভাগে মরক্কো, ফেজ, এল্জিয়র্স, টুনিস, ত্রিপোলী, এই সকলকে বারবেরি রাজ্য বলেন, মিসর দেশ ইহার উত্তরে আছে।

পশ্চিমে গিনী, এইস্থানে ইউরোপীয়েরা দাসক্রয়ার্থে

জাহাজ রাখিতেন ; আসান্তি, ডাহোমি, বেনিন, বিয়াফ্রা, কঙ্গো, লোঙ্গো, এঙ্গোলা, বেঙ্গোএলারাজ্য, এবং জালফ্ ও ফৌলার রাজধানী।

পূর্ব্বভাগে, নুবিয়া, এবিসিনিয়া প্রভৃতি বহুরাজ্য আছে, এ সকলের বিশেষ অদ্যাপি কিছুই প্রকাশ হয় নাই।

দক্ষিণে গুডহোপ অন্তরীপের রাজ্য, এবং হটেণ্টট, ও কাফ্রারিয়া দেশ। মধ্যস্থলে বুর্নু, ডার্ফর, ফেজ্জিয়ান, টম্বক্তু, এবং অন্য এক বৃহৎ খণ্ড যাহাকে সুডান, অথবা নিগ্রিসিয়া বলা যায়, এবং উক্ত ভিন্ন অপর এক প্রশস্ত বন্য ভূমি আছে, তাহাতে অদ্যাপি বসতি হয় নাই।

উক্ত খণ্ড সকলের মধ্যে কতিপয় খণ্ড ইউরোপীয়দিগের অধিকার, এলজিয়র্স রাজ্য সংপ্রতি ফ্রেঞ্চজাতিদিগের অধিকৃত হইয়াছে।

কোঙ্গোরাজ্যে, এবং আফ্রিকার পূর্ব্বসীমাতে পোর্ত্তুগিস দিগের বসতি। গুডহোপ অন্তরীপ প্রভৃতি কতিপয় স্থান ইংরাজদিগের হইয়াছে।

মিসর দেশে প্রাচীনকালে শিল্প এবং দর্শনাদি বিদ্যার বিশেষালোচনা ছিল এবং তাহা অতি প্রাচীন ও খ্যাত্যাপন্ন রাজনগর পূর্ব্বে তুরুষ্ক রাজ্যাধীন ছিল, কিন্তু তদ্দেশীয় পাশা নামক রাজা এইক্ষণে তাহাকে স্বাধীন করিয়াছেন।

আফ্রিকার উপসাগর, এবং অখাত।

মেডিটরেনিয়ান সাগরে, সাইড্রু উপসাগর, এবং আবুকির অখাত, নেলসন সাহেব ঐ স্থানে ফ্রেঞ্চ জাতির জাহাজ সকল কে পরাভব করিয়াছিলেন।

আটলাণ্টিক মহাসাগরস্থ, গিনী, এবং ঐ উপসাগরের এক অংশ বাইট বা এফ্রা উপসাগর, তাহাতে নাইগর নদী প্রবিষ্টা হইয়াছে। টেবল অখাতের তীরে কেপ টৌন নামক নগর আছে।

ভারত মহাসাগরস্থ, ডেল অগয়া, এবং সোফালা অখাত, ম্যাডাগাস্কর দেশের পূর্ব্বভাগে ভারত মহাসাগরের যে অংশ, মেডাগাস্কর এবং আফ্রিকা প্রায়দ্বীপের মধ্যবর্ত্তী, তাহাকে মোজাম্বিক মোহানা কহে।

আফ্রিকার হ্রদ।

লেপ্টা পর্ব্বতের পশ্চিমভাগে মারবী নামক বৃহৎ হ্রদ।

নাইগর নদী ডেম্বিয়া, ডেব্বাই, এবং হাস্যা সাগর এই তিন হ্রদে প্রবিষ্টা হইয়াছে।

আফ্রিকার নদী।

মিসর দেশে নীল নদী অতি প্রধান, পূর্ব্বদিগস্থ এবিসিনিয়া পর্ব্বতে নীল নদী উৎপন্না হয়, পশ্চিমদিকসম্বন্ধীয় উৎপত্তি স্থান যদ্যপিও প্রকাশ হয় নাই, তথাপি বোধ হয় পশ্চিমে চান্দ পর্ব্বত হইতে উৎপন্না হইয়াছে।

নীল নদী, উচ্চাটিত থিবিসদেশ, মেম্ফিস দেশের সম্মুখ, আফ্রিকাদেশের প্রসিদ্ধ স্তম্ভের নিকট, এবং আধুনিক প্রধান কেইরো নগর দিয়া মিসর দেশের দক্ষিণ হইতে উত্তর বাহিনী হইয়া দুই প্রধান মোহানা দ্বারা মেডিটরেনিয়ান সাগরে গিয়াছে। ঐ দুই মোহানার পূর্ব্বতীরে ডেমিএটা এবং পশ্চিম তীরে রোসেট্টা এই দুই দেশ আছে।

মিসর দেশে বৃষ্টি অধিক হয় না কিন্তু নীল নদী গঙ্গা নদীর ন্যায় প্রতি বৎসর তদ্দেশস্থ ভূমি সকলে জল প্লাবন করে তাহাতে পলীরূপ সার পতনে মিসর দেশকে অতিশয় উর্ব্বরা করিয়া থাকে।

নাইগর, জোলিবা অথবা কোরানদী, কঙ্গ পর্ব্বত হইতে উৎপন্না হইয়া টম্বক্তু দেশের কিঞ্চিদ্দূরে উত্তর পূর্ব্ববাহিনী রূপে পুনর্ব্বার দক্ষিণ মুখে বহুমুখী হইয়া গিনী উপসাগরে গিয়াছে।

কোরানদী, ইউরোপ দেশে অতি বিখ্যাতা। অতি সাহসি ভ্রমণকারী পার্ক সাহেব এই নদীর সীমা দর্শনের নিমিত্তে অনেক চেষ্টা করিয়াছিলেন কিন্তু অভীষ্ট সিদ্ধি করণের পূর্ব্বেই তিনি পঞ্চত্ব প্রাপ্ত হন, অল্প দিন হইল উক্ত নদীর সীমা নির্ণয় হইয়াছে।

জনরব এই যে নাইগর, অতি প্রসিদ্ধ উত্তম স্রোতোবহা নদী, ইহার অনেক দূর পর্য্যন্ত নাবিকেরা গমনাগমন করিতে

পারে এবং এই নদী নানা দেশে প্রবিষ্টা হইয়াছে এজন্য বাণিজ্যের পরমোপকারিকা।

সেনেগাল এবং গেম্বিয়া নদী, কঙ্গ পর্ব্বতের উত্তর পার্শ্ব হইতে নির্গতা হইয়া পশ্চিম মুখে আট্‌লাণ্টিক মহাসাগরে পড়িয়াছে।

আফ্রিকার পর্ব্বত এবং মরুভূমি।

আট্‌লাস্‌ পর্ব্বত, যাহা হইতে পশ্চিম মহাসাগর আট্‌লাণ্টিক নামে খ্যাত হইয়াছে, তাহা কতিপয় শ্রেণী সহিত মরক্কো দেশের পূর্ব্ব হইতে মিসর দেশের সীমাপর্য্যন্ত ব্যাপ্ত আছে, একশ্রেণীস্থ যে চান্দ্র এবং কঙ্গ পর্ব্বত, তাহা সাইরালিয়নি হইতে এবিসিনিয়া পর্য্যন্ত সমুদায় প্রায়দ্বীপে ব্যাপ্ত।

পূর্ব্বদিগে লেপুটা পর্ব্বত এবং অন্য এক পর্ব্বত শ্রেণী আছে, তাহা রেড সাগরের পশ্চিম তীর পর্য্যন্ত ব্যাপ্ত।

আফ্রিকা প্রায়দ্বীপে বালুকাময় বিস্তর মরুভুমি আছে, জলাভাব প্রযুক্ত তাহাতে শস্যাদি জন্মে না।

শাহারা নামক বৃহৎ মরুভূমি, বারবরি দেশাবধি সেনেগাল এবং নাইগর নদী পর্য্যন্ত ব্যাপ্ত হইয়াছে। মিসরদেশের পশ্চিমাংশে শেলিমা, লিবিয়া, এবং বার্কা মরুভূমি।

আফ্রিকার অন্তরীপ।

বন্‌ অথবা বোনা অন্তরীপ, শিশিলি দেশের সীমাবর্ত্তী।

ব্ল্যাঙ্কো অন্তরীপ, এই প্রায়দ্বীপের সর্ব্ব পশ্চিম সীমা।

শেনেগাল নদীর মোহানার সমীপবর্ত্তি বর্ড অন্তরীপ। পাল্‌মাস অন্তরীপ গিনিয়াদেশের সীমার নিকট আছে।

অতি বিখ্যাত গুডহোপ অন্তরীপ, যাহা ১৪৯৭ শালে বাস্কোডিগামা নামক জর্ম্মণি দেশীয় এক সাহেব দ্বারা প্রকাশিত হয়, তাহা এবং গোর্দ্দাফুই অন্তরীপ, এই প্রায়দ্বীপের সন্নিহিত পূর্ব্বসীমা।

আফ্রিকার দ্বীপ।

পূর্ব্বসীমাস্থ মেডাগাস্কর প্রধান দ্বীপ, তদ্দেশীয় রাজার অধিকারস্থ।

মরিসিয়া, অথবা আইল অবফ্রান্স, তাহা ইংলণ্ডাধিকৃত, এবং বুর্ব্বন দ্বীপে ফ্রেঞ্চজাতির অধিকার।

এজোর্স, কেপ ডি বর্ড, এবং মেডিরিয়া এই তিন দ্বীপে পোর্তুগীজ দিগের অধিকার।

কেপ ডিবর্ড এবং মেডিরিয়ার মধ্যবর্ত্তী কেনারীদ্বীপ, স্পেইন জাতীয়দিগের অধিকার। উক্ত দ্বীপস্থ এক শৃঙ্গি পর্ব্বত সকলের মধ্যে টেনেরিফী পর্ব্বত শ্রেষ্ঠ।

নাইগর নদীর মোহানাস্থ ফর্নাণ্ডু পো এবং বঙ্গোএলা দেশের দক্ষিণ পশ্চিমস্থ সেইণ্ট হেলেনা এক উচ্চ গিরি, এই সকল স্থানে ইংলণ্ডীয়দিগের অধিকার।

আফ্রিকার প্রধান বাণিজ্য দ্রব্য।

গুড়হোপ অন্তরীপ প্রকাশের পূর্ব্বে ভারতবর্ষের প্রায় সম

দায় বণিক মিসয় দেশের মধ্য দিয়া গমনাগমন করিতেন এবং তৎকালে আলেকজান্দ্রিয়া প্রধান বাণিজ্য স্থান ছিল।

গিনী এবং জাঙ্গোএবার দেশের তীরেতে ইউরোপীয়েরা স্বর্ণরেণু, হস্তিদন্ত, আবলুসকাষ্ঠ, মৃগনাভি এবং ঔষধোপযোগি বহুতর দ্রব্যপ্রাপ্ত হয়েন, এবং এতদ্ব্যতিরিক্ত দাসক্রয় করিতেন।

গুডহোপ অন্তরীপের বাণিজ্যোপযোগি প্রধান দ্রব্য মদ্য।

বুর্ব্বন এবং মরীচদ্বীপে চিনি এবং কাওয়া বিস্তর জন্মে।

মরক্কো দেশ হইতে উত্তম চর্ম্ম এবং কৃমিদানা আনয়ন করা যায়।

আফ্রিকার অন্তঃপাতি রাজ্য এবং প্রধান নগর।

রাজ্য	প্রধান নগর
ইজিপ্ট	কেরো
মরক্কো	মরক্কো
এল্‌জিয়র্স	এল্‌জিয়র্স
টুনিস্‌	টুনিস্‌
ত্রিপোলি	ত্রিপোলি
আসান্তি	কুমাজি
ডাহোমি	আবোমি

রাজ্য	প্রধান নগর
গিনি	কোষ্টঅন্তরীপ
বেনিন্	বেনিন্
বিয়াফ্রা	বিয়াফ্রা
কঙ্গো	সেণ্টসাল্বেডর
লোঙ্গো	লোঙ্গো
এঙ্গোলা	লোয়াণ্ডা
বেঙ্গোএলা	বেঙ্গোএলা
নিউবিয়া	সেনার, ডঙ্গোলা
আবিসিনিয়া	গণ্ডার
হটেণ্টস্ কাফ্রারিয়া গুডহোপ	কেপটৌন্

আমেরিকা দেশীয় খণ্ড সকলের বিবরণ।

নবপ্রকাশিত আমেরিকা স্বতন্ত্র এক মহাদ্বীপ, তাহাতে দুই বৃহৎ প্রায়দ্বীপ পেনামাডমরুমধ্য দ্বারা যুক্ত হওয়াতে উত্তরামেরিকা এবং দক্ষিণামেরিকা নামে বিখ্যাত হইয়াছে।

আমেরিকাতে যে সকল সভ্য লোকেরা আছেন তাহাঁরা ইউরোপীয় দিগের বংশোদ্ভব, কিন্তু নূতন বসতিকারিরা

ইউরোপ দেশের অধীনতা পরিত্যাগ করিয়া স্বাধীন হইয়াছেন এবং অনেকে অদ্যাপিও অধীনতা বহন করিতেছেন।

উত্তরামেরিকার উত্তর পশ্চিমে রুসিয়াধিকৃত আমেরিকা, প্রস্তরময় পর্ব্বতের পূর্ব্ব এবং পাঁচ বৃহৎহ্রদের উত্তর ভাগস্থ যাবদীয় দেশ, তাহা বৃটিস আমেরিকা অর্থাৎ ইংলণ্ডাধিকৃত আমেরিকা। ইউনাইটেড্ ষ্টেট, উক্ত পাঁচ বৃহৎহ্রদ হইতে মেক্সিকো মোহানা পর্য্যন্ত এবং মিঃসিঃসিপ্পিনদী হইতে আট্লাণ্টিক মহাসাগর পর্য্যন্ত বিস্তীর্ণ হইয়াছে, এবং তদন্তর্গত মিঃসিঃসিপ্পীর পশ্চিমস্থ লুইসিয়ানা নামক এক বৃহৎ ভূমি খণ্ড, ও মেক্সিকো এবং গোয়াটীমালার প্রজাপ্রভুক রাজ্য এই সকল উত্তরামেরিকার দক্ষিণ সীমা।

গ্রীনল্যাণ্ড দেশ এবং তৎসমীপস্থ বৃহৎভূমিখণ্ড পূর্ব্বে আমেরিকা মহাদ্বীপের উত্তরাংশরূপে অনুভূত হইয়াছিল কিন্তু সংপ্রতি নির্ণীত হইয়াছে যে বেফ্ফিন অখাত এবং বেরিং মোহানার মধ্যে এক শাখা পথ আছে, তাহা হিম দ্বারা রুদ্ধ হইয়াছে।

দক্ষিণামেরিকার উত্তর পশ্চিমে, কোলম্বিয়া স্বাধীন রাজ্য। উত্তরে, ওরিঙ্কো এবং এমেজন এই দুই প্রধান নদীর মধ্যস্থ গুইয়ানা নামক ভূমিখণ্ড। পশ্চিম সীমা, পিরু এবং চিলি। মধ্যস্থলে, এমেজন নদীর দক্ষিণস্থ এমেজোনিয়া দেশ। পূর্ব্ব

সীমা, ব্রেজিল। দক্ষিণ সীমা, চিলি এবং ব্রেজিলের মধ্যবর্ত্তী লা পাটা, এবং ইহার দক্ষিণস্থ পাটাগোনিয়া।

আমেরিকার উপসাগর এবং অখাত।

আমেরিকা দেশে যে সকল মোহানা এবং অখাত আছে তাহার বিবরণ যথা।

উত্তর পূর্ব্বভাগে, বেফ্‌ফিন্‌ এবং হড্‌সন্‌স অখাত, মেক্সিকো এবং ফ্লোরিডার মধ্যস্থ মেক্সিকো মোহানা, ফ্লোরিডা উপসাগর, যাহা ফ্লোরিডা এবং বাহামার মধ্যবর্ত্তী। হণ্ডুরাস এবং কেম্পিচীর অখাত এবং ডেরিএন উপসাগর ইহারা কেরিব্বিএন সাগরের অংশ।

সেইন্ট লরেন্স উপসাগর, নিউফৌণ্ডলাণ্ড এবং এই মহাদ্বীপের মধ্যবর্ত্তী ফণ্ডি অখাত, নোবাস্কশিয়া এবং নিউবরন্‌সুইকের মধ্যস্থ কেলিফর্ণিয়া, এবং মেক্সিকো দেশের মধ্যবর্ত্তী কেলিফর্ণিয়া উপসাগর। কোয়াড্রাদেশে নুট্‌কা নামক উপসাগর। কেরিব্বি এবং এই মহাদ্বীপের মধ্যগত জলভাগকে কেরিব্বিয়ান্‌ সাগর কহে।

আমেরিকার মোহানা।

ডেরিশ মোহানা বফিন অখাতে প্রবেশ করে। হডসন্‌ মোহানা হডসন্‌ অখাতে প্রবেশ দ্বার। মেগাল্লেন মোহানা পেটাগোনিয়া এবং টেরাডেল্‌ ফিউগো অর্থাৎ আগ্নেয় ভূমির মধ্যস্থ।

আমেরিকার হ্রদ।

আমেরিকা দেশে যে২ হ্রদ আছে, তাহা পৃথিবীর মধ্যে বৃহত্তম।

উত্তরামেরিকায় এই পাঁচ বৃহৎ হ্রদ অর্থাৎ অন্তরিও, এরাই, মিচিগান, হুরণ এবং সুপীরিয়র, ইহারদের কোন২ শাখা সাগরের সমান, এবং পরস্পর একত্র হওয়াতে তদ্দেশের বাণিজ্য অতিসুকর হইয়াছে।

অন্তরিও এবং এরাই হ্রদের মধ্যস্থানে নিয়াগার নামক এক বৃহৎ নির্জ্ঝরের পতন হয়। উইন্নিপেগ, স্লেব হ্রদ, বেয়ার হ্রদ, এবং অপর বহু হ্রদ, সুপীরিয়রের উত্তর পশ্চিমে শ্রেণীবদ্ধ হইয়া অবস্থিত হইয়াছে।

বর্মোণ্ট দেশস্থ চেম্প্লেলেইন, এবং মেক্সিকো দেশস্থ নিকারাগয়া অতি বৃহৎ হ্রদ। দক্ষিণামেরিকার প্রধান হ্রদ, লেপ্লাটা দেশীয় এণ্ডিস পর্ব্বতস্থ, টিটিয়াকা হ্রদ, এবং কলম্বিয়া দেশস্থ উপসাগরের সমান মারাক্যবো হ্রদ।

উত্তরামেরিকার নদী।

মিঃসিঃসিপ্পি নদী পাশ্চাত্য পর্ব্বত সকল হইতে নির্গতা হইয়া এবং মিঃসুরী, ওহিও এবং রেড নদীর সহিত একত্র হইয়া দক্ষিণ পূর্ব্ব মুখে মেক্সিকো উপসাগরে প্রবেশ করিয়াছে। সেইণ্ট লরেন্স নদী উত্তর পূর্ব্বমুখে সেইণ্ট লরেন্স উপসাগরে যাইয়া উত্তরভাগস্থ প্রধান উপ সাগর

সকলের মোহানা স্বরূপ হইয়াছে। রিয়োডেলনার্ট নদী মেক্সিকো পর্ব্বত হইতে যাইয়া দক্ষিণ পূর্ব্বমুখে মেক্সিকো উপ সাগরে প্রবিষ্টা হইয়াছে।

দক্ষিণামেরিকার নদী।

ম্যারানান অথবা এমেজন্স অতি বৃহৎ নদী, পিরু দেশস্থ এণ্ডিস পর্ব্বত হইতে উৎপন্না হইয়া প্রায় দুই শত শাখা নদীতে যায় পরে উত্তর পূর্ব্ব মুখে আট্লাণ্টিক মহাসাগরে প্রবিষ্টা হইয়াছে।

চিলি দেশস্থ এণ্ডিস পর্ব্বতে উৎপন্ন রিয়োডিলাপ্লাটা নদী পারাগ উরাগয় এবং মারাণ এই তিন নদী সংযুক্ত হইয়াছে। এই নদী, আট্লাণ্টিক মহাসাগর, এবং তাহার মোহানা হইতে ৮৮ ক্রোশ অন্তর বিউনস আইরিজ দেশে প্রবিষ্টা হইয়াছে, ইহা প্রশস্তে ১৪ ক্রোশ। উরিনোকো নদী, গুইয়ানা হইতে উৎপন্না হইয়া প্রায় বর্ত্তুলাকারে ট্রিনিড্যাড দেশের দক্ষিণ পূর্ব্বভাগে আট্লাণ্টিক মহাসাগরে গিয়াছে।

আমেরিকার পর্ব্বত।

মাগেল্লান মোহানাবধি আর্কটিক গোল রেখাপর্য্যন্ত আমেরিকার সমুদায় পশ্চিমসীমাতে এক পর্ব্বত শ্রেণী ব্যাপ্ত আছে এবং তাহার কোন২ পর্ব্বত, অতিশয় উচ্চ। দক্ষিণামেরিকাতে এণ্ডিস, অথবা কর্ডিলেরাস পর্ব্বত শ্রেণী অত্যন্ত প্রশস্ত এবং উচ্চতম।

এণ্ডিস পর্ব্বতের সমুদায় শ্রেণীর মধ্যে কতিপয় শৃঙ্গ অতি বিখ্যাত, যথা, কিম্বরাজো সর্ব্বাপেক্ষা উচ্চতম, এণ্টিসানা এক নির্ব্বাণ বাড়বানল পর্ব্বত, এবং কোটোপাক্সী, এক প্রজ্বলিত বাড়বানল, এই সকল কুইটোর নিকটবর্ত্তী। এবং ইহার উত্তর ভাগস্থ শ্রেণী মেক্সিকোদেশস্থ শ্রেণী ব্যতিরেকে, দক্ষিণ ভাগস্থ শ্রেণ্যপেক্ষা উচ্চতায় ন্যূনতর, আর্কটিক গোল রেখাতে তাহার নাম, রকি অর্থাৎ শিলাময় পর্ব্বত কহে। এবং মেক্সিকো দেশস্থ পোপোকেটাপীট নামক বাড়বানল শৃঙ্গ ও উচ্চতম।

এপালাচিয়ান কিম্বা এল্লিঘানি পর্ব্বত যাহা পূর্ব্বভাগে আছে তাহা ইউনাইটেড ষ্টেটের উত্তর হইতে দক্ষিণ পর্য্যন্ত প্রসারিত হইয়াছে।

আমেরিকার প্রায়দ্বীপ।

নোবা স্কোশিয়া ও ইষ্টফ্লোরিডা. ইউনাইটেড্ ষ্টেটের দক্ষিণস্থ। মেক্সিকোদেশে, উকুতান, উত্তরামেরিকার পশ্চিম সীমাতে, কেলি ফর্ণিয়া প্রায়দ্বীপ। এবং হড্‌সন্ মোহানার উত্তরে এক প্রায়দ্বীপ, এবং দক্ষিণে এক প্রায়দ্বীপ আছে।

আমেরিকার অন্তরীপ।

টেরাডেল কিউগোর দক্ষিণভাগস্থ এক ক্ষুদ্র দ্বীপের ন্যায় অন্তরিপকে হরণ অন্তরীপ কহে। ব্রেজিল দেশে সেইণ্ট রোক অন্তরীপ। গ্রীন্‌ল্যাণ্ড দেশের দক্ষিণে ফেয়ারোএল অন্তরীপ।

আমেরিকার দ্বীপ।

আমেরিকা দেশীয় সমুদায় দ্বীপের মধ্যে দক্ষিণামেরিকার দ্বীপসকল অতিশয় বিখ্যাত। উত্তর এবং দক্ষিণামেরিকার মধ্যে দ্বীপসমূহ আছে, যথা বাহামা, বৃহৎ এণ্টিলিষ, ক্ষুদ্র এণ্টিলিস, কেরিবীজ, এবং বর্ম্মুডাস।

কুবা এবং পোর্টরিকো এই দুইদ্বীপ বৃহৎ এণ্টিলিসের অন্তর্গত। চিলির পশ্চিমে জুয়ন ফর্ণাণ্ডেজ। চিলির দক্ষিণে কিলোদ্বীপ, এবং টগোনিয়ার পূর্ব্বভাগে ফক্‌ল্যাণ্ড দ্বীপ সকল স্পেইন জাতীয়দিগের অধিকার।

জেমিকা, বৃহৎ এণ্টিলিসের একদ্বীপ। বার্ব্বাডোশ, এণ্টিগুয়া, সেইণ্ট বিন্‌সেণ্ট, ট্রিনিড্যাড এবং অন্য কতিপয় দ্বীপ কেরিবিজের অন্তর্গত। কেনাডার পূর্ব্বভাগে নিউফৌণ্ডল্যাণ্ড এক বৃহৎ দ্বীপ। উত্তরামেরিকার পশ্চিম সীমাতে কোয়াড্রা দ্বীপ, তাহাতেগ্রেট বৃটনের অধিকার।

কেরিবীজের অন্তর্গত গোয়াডালোপ, মার্টিনিক্ ইত্যাদি কতিপয় দ্বীপে ফ্রেঞ্চ জাতির অধিকার।

ক্ষুদ্র এণ্টিলিসের অন্তর্গত কুরেকোয়া, এবং কেরিবীজের অন্তর্গত সেইণ্ট ইউষ্টেটিয়া এই দ্বীপদ্বয়েতে ডচ্‌জাতির অধিকার।

হেটী, অথবা সেইণ্ট ডোমিঙ্গো দ্বীপ কুবাভিন্ন দাক্ষিণামেরিকার সমুদায় দ্বীপাপেক্ষা উচ্চ তাঁহা পূর্ব্বে ফ্রেঞ্চ এবং

স্পেইন দেশোদ্ভব লোকেরকের শাসনে ছিল, এইক্ষণে কাফ্রি দিগের স্বাধীন রাজ্য হইয়াছে ।

মেগেল্লান মোহানার দক্ষিণে টেরাডেল ফিউগো নামক দ্বীপ সমূহ ।

কুইঠোশের পশ্চিমভাগে গোলাপাগোজ নামক দ্বীপ সমূহে অদ্যাপি লোক বসতি হয় নাই ।

আমেরিকার প্রধান বাণিজ্য দ্রব্য ।

ক্যানাড়া দেশের উত্তর এবং উত্তর পশ্চিমস্থ দেশ সমূহ হইতে যথেষ্ট (ফর্) অর্থাৎ পক্ষিপালকস্থ সূক্ষ্ম লোম বিশেষ আনীত হয়, ঐ সকল রোম দ্বারা তত্রত্য লোকেরা ব্যব হারোপযুক্ত পরিচ্ছদ জন্মায় ।

ক্যানাডা দেশ হইতে বাহাদুরী কাষ্ঠ, যষ্টি, ক্ষার, শুষ্ক মৎস্য, এবং উর্ণা, অর্থাৎ রোম, ইউনাইটেড রাজ্যে, কার্পাস, তামাক এবং তণ্ডুল উৎপন্ন হয় ।

বর্জ্জিনিয়া দেশোৎপন্ন তামাক, এবং জর্জ্জিয়া, ও কেরো লিনাদেশোৎপন্ন কার্পাস, এবং তণ্ডুল, অত্যুৎকৃষ্ট ।

মেক্সিকো এবং পিরু দেশে বহুমূল্য সুবর্ণ এবং রজতা কর আছে তাহা অতিশয় বিখ্যাত হইয়াছে কিন্তু এ পর্য্যন্ত যে সকল আকর প্রকাশ পাইয়াছে তন্মধ্যে পিরুদেশের দক্ষিণ ভাগস্থ পটোশী দেশের আকরে অধিক ধাতু আছে ।

ব্রেজিল দেশ হইতে, সুবর্ণ রজত এবং যথেষ্ট হীরক আসিয়া থাকে।

উত্তরামেরিকার দেশ সকলেতে. চিনি, কাওয়া, তামাক, এবং গৌড়ী মদিরা যথেষ্ট জন্মে।

মেক্সিকো দেশান্তর্গত, কেম্পিচী স্থানে বাতিকাষ্ঠ ও এক প্রকার রঙ্গ জন্মে। হণ্ডুরাস দেশ হইতে বাতিকাষ্ঠ এবং মেহাগি কাষ্ঠ নানা দেশে যায়।

অস্ট্রেলিয়া রাজ্যের বিবরণ।

পশ্চাল্লিখিত দেশ সকল অস্ট্রেলিয়া রাজ্যের অন্তর্গত যথা, নব্যহলণ্ড. ব্যান্‌ডিম্যান্সি ল্যাণ্ড, নব্যজিলণ্ড, নব্যগিনী, নূতন ব্রিটেন, নব্যক্যাল্‌ডোনিয়া, নবহেব্রাইড্‌স, এবং সমীপ বর্ত্তি বহু দ্বীপ।

নূতন দাক্ষিণাত্য ওএল্‌স দেশ. যাহা নব হলণ্ডের পূর্ব্বাংশ, তাহাতে এবং ব্যান্‌ডিম্যান্সিল্যাণ্ডে, ব্রিটেন দেশীয় লোকেরা বাসারম্ভ করিয়াছেন।

উক্ত দ্বীপস্থ লোকেরা নিতান্ত অসভ্য, বিশেষতঃ নব জিলণ্ডীয়েরা মনুষ্যমাংস ভক্ষণ করে।

নূতন দাক্ষিণাত্য ওএল্‌স দেশের শিড্‌নী নামক স্থানে ব্রিটেন দেশীয় বহু সংখ্যক লোকেরা বাসারম্ভ করিয়াছে এবং ব্যান্‌ডিম্যান্সি ল্যাণ্ডের দক্ষিণ সীমাস্থ হোয়াট নগরেও ব্রিটেন লোকদিগের বসতি হইয়াছে, ওটাহীটে দেশে গ্রেট ব্রিটে

ন দেশীয় অপরাধি লোকেরা দেশান্তর গমন দণ্ডপ্রাপ্ত হইয়া বাসারম্ভ করিয়াছে।

ব্যাস মোহানা, নবহলণ্ড ও ব্যান্ ডিমেন্সিল্যাণ্ডের মধ্যবর্ত্তী, কুক্‌মোহান, নব্যজিলণ্ড নামক দ্বীপ দ্বয়ের মধ্যবর্ত্তী।

পালিনেসিয়া রাজ্য।

পাসিফিক্ মহাসাগরস্থ যে সকল দ্বীপ ফিলি পাইন এবং অস্ট্রেলিয়া দ্বীপের পূর্ব্বভাগে আছে তাহা পলিনেসিয়া নামে বিখ্যাত।

উক্ত দ্বীপ সকল ক্ষুদ্র২ প্রযুক্ত একত্র ভাবে দ্বীপ সমূহ নামে খ্যাত হইয়াছে, যথা, আমেরিকা এবং আসিয়া দেশের মধ্যবর্ত্তী পিলুদ্বীপ সমূহ, কেরোলাইন দ্বীপ সমূহ, সাণ্ডউইচ দ্বীপ সমূহ এবং আমেরিকা ও অস্ট্রেলিয়ার মধ্যবর্ত্তী ফ্রেণ্ডলি দ্বীপ সমূহ, নাভিগেটর দ্বীপ সমূহ, সোসাইটি দ্বীপ সমূহ, মার্কোএসাস্ দ্বীপ সমূহ।

উক্ত সাণ্ডউইচ দ্বীপ সমূহের অন্তর্গত ওহিহি নামক বৃহত্তম দ্বীপের লোকেরা অকারণ রাগোন্মত্ত হইয়া শ্রীযুত কাপ্তেন কুক সাহেব যিনি পৃথিবী বেষ্টন করিয়াছিলেন তাহাঁর জীবন নষ্ট করিয়াছিল।

সমাপ্তঃ।